অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

নং- ৫৫.০০.০০০০.১১২.১৪.০৭৭.২২-২১৯

তারিখঃ ২৪ মাঘ, ১৪৩০ বাং
০৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি:

## প্রকল্প বাস্তবায়ন কমিটির ৭ম সভার কার্যবিবরণী

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৭ম সভা গত ৩১/০১/২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় এ বিভাগের সচিব (রুটিন দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে অনলাইন কনফারেন্স এ্যাপ (Zoom) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৭/০২/২০২৪
(মোহাম্মদ আবু কাউছার)
উপসচিব
টেলিফোন-৫৫১০০৯০৯
ই-মেইল: ds.planning@legislativediv.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য (সিনিয়র সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: যুগ্মসচিব, বাজেট -৭)।
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: পরিচালক, সেক্টর-৩)।
৪। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৫। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃ: আ: যুগ্মপ্রধান)।
৬। অতিরিক্ত সচিব (ড্রা-চ:দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৭। যুগ্মপ্রধান, এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৮। প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৯। যুগ্মসচিব (প্রশাসন) (চ.দা:), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১০। উপ-প্রকল্প পরিচালক, আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি প্রকল্প, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

**সদয় অবগতির জন্য অনুলিপি:**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
২। প্রোগ্রামার, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ (কার্যবিবরণীর কপি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৩। সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.legislativediv.gov.bd

বিষয়ঃ "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৭ম সভার কার্যবিবরণী।

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি" শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির ৭ম সভা কমিটির সভাপতি ও এ বিভাগের সচিব (রুটিন দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে গত ৩১/০১/২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অনলাইন এবং সরাসরি উভয় ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হয়। সভায় এ বিভাগসহ বিভিন্ন মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন (সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট- 'ক')।

২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG Target -16.b (Promote and enforce non-discriminatory laws and policies for sustainable development) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে এ প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পটি এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন উচ্চ অগ্রাধিকারভুক্ত একমাত্র প্রকল্প। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ মহিউদ্দীনকে অনুরোধ করেন।

৩। প্রকল্প পরিচালক উল্লেখ করেন, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং SDG বাস্তবায়নকল্পে প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ হচ্ছে- মানসম্মত ও বিশ্বমানের আইন প্রণয়নের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক উচ্চশিক্ষা ও প্রশিক্ষণ এবং লজিস্টিক সাপোর্টের মাধ্যমে লেজিসলেটিভ ড্রাফটিং এ দক্ষ ও প্রশিক্ষিত জনবল গড়ে তোলা, নির্বাচিত ২৫০টি আইন ইংরেজি থেকে বাংলায় এবং বাংলা থেকে ইংরেজিতে অনুবাদ করা, এ বিভাগের কর্মকর্তাবৃন্দের আইন বিষয়ে অধ্যয়নের জন্য মানসম্মত লাইব্রেরি ও ই-লাইব্রেরি স্থাপন, Law Public Awareness Cell গঠন ও শক্তিশালীকরণ, অধঃস্তন আইনসমূহ চিহ্নিতকরণপূর্বক কোডিফিকেশন ও হালনাগাদ করে কোড আকারে প্রকাশ ও ওয়েবসাইটে প্রকাশ, মূল আইনসমূহ হালনাগাদ করে প্রকাশ ও বাংলাদেশ কোড ওয়েবসাইটে আপলোড এবং লজ অব বাংলাদেশ এর নতুন অধিক ক্যাপাসিটিসম্পন্ন ওয়েবসাইট প্রস্তুত, সংরক্ষণ ও ব্যবস্থাপনা, বাংলায় আইন প্রণয়ন পদ্ধতি এবং আইনের ব্যবহারশাস্ত্র (Jurisprudence) সংবলিত লেজিসলেটিভ ডেস্কবুক প্রণয়ন, সাংবিধানিক ও আইনি অধিকার বিষয়ে জনসাধারণকে সচেতন করা।

৪। প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিত ব্যয় মোট ৩৮৭৮.৯২ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই, ২০২২ হতে জুন, ২০২৬ পর্যন্ত। ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি)'তে ১২০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল, যার মধ্যে ব্যয়যোগ্য বরাদ্দ ৯৯.৭৭ লক্ষ টাকা। জুন, ২০২৩ পর্যন্ত সময়ে উক্ত অর্থ হতে মোট ৯৫.৮১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের প্রায় ৮০% এবং মোট ব্যয়যোগ্য বরাদ্দের ৯৬%।

৫। প্রকল্পটির অনুকূলে ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)'তে ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অদ্যাবধি উক্ত অর্থ হতে মোট ৯১.৫৪ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে, যা মোট বরাদ্দের ৪৫.৭৭%। এডিপি বাস্তবায়ন অগ্রগতির সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ:

(লক্ষ টাকায়)

| ২০২৩-২৪ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ | অর্থ অবমুক্তি (৩য় কোয়ার্টার পর্যন্ত) | ২৮/০১/২০২৪ পর্যন্ত সময়ে এডিপি বাস্তবায়ন অগ্রগতি | মোট বাজেট বরাদ্দের বিপরীতে খরচের শতকরা হার (%) |
|---|---|---|---|
| ২০০.০০ | ১৫০.০০ | ৯১.৫৪ | ৪৫.৭৭% |

সভায় আরো জানানো হয় যে, অদ্যাবধি প্রকল্পের নিম্নরূপ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

- প্রকল্পের আওতায় এ বিভাগের কর্মকর্তা ও কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে সীমিত বাজেট বরাদ্দের আলোকে ১০টি স্থানীয় প্রশিক্ষণ (২০২২-২৩ অর্থবছরে ৫টি প্রশিক্ষণে মোট ১৬৩ জন এবং ২০২৩-২৪ অর্থবছরে ০৫টি প্রশিক্ষণে মোট ১১১ জন, যার মধ্যে অন্যান্য মন্ত্রণালয়ের ৪০ জন) আয়োজন করা হয়েছে।

- সাংবিধানিক ও আইনি অধিকার সম্পর্কে জেলা পর্যায়ে ৩টি সচেতনতামূলক ওয়ার্কশপ (মুন্সিগঞ্জ, ঢাকা ও টাঙ্গাইল জেলায়) এবং ৩টি স্টেকহোল্ডার কনসালটেশন (মানিকগঞ্জ, যশোর ও পটুয়াখালী জেলায়) অনুষ্ঠিত হয়েছে। ৩টি সচেতনতামূলক ওয়ার্কশপে মোট ৩৪৩ জন এবং ৩টি স্টেকহোল্ডার কনসালটেশনে মোট ৩০৫ জন কর্মকর্তা/প্রতিনিধি অংশগ্রহণ করেন। বাজেট বরাদ্দের আলোকে ঢাকার বাইরে আরও একটি ওয়ার্কশপ আয়োজনের প্রস্তুতিমূলক কার্যক্রম চলমান আছে।

- উক্ত ওয়ার্কশপ এবং স্টেকহোল্ডার কনসালটেশনে সুশীল সমাজের প্রতিনিধি, নির্বাচিত জনপ্রতিনিধি, মানবাধিকার কর্মী, স্থানীয় প্রশাসনের প্রতিনিধি, বিচার বিভাগীয় কর্মকর্তা, পুলিশের প্রতিনিধি, আইনজীবী, এনজিও প্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিনিধি, প্রতিবন্ধী/ দরিদ্র ও অবহেলিত নারী-শিশুদের প্রতিনিধিবৃন্দসহ এ বিভাগের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- প্রকল্প কর্তৃক আয়োজিত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক কর্মশালা এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১২/১০/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্মশালায় এ বিভাগের ১ম শ্রেণীর সকল কর্মকর্তা এবং Lead Ministry হিসেবে দায়িত্বপ্রাপ্ত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের জন্য নির্ধারিত এসডিজি টার্গেট ১৬.বি এর সহযোগী অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের কর্মকর্তা/এসডিজি ফোকাল পয়েন্ট অংশগ্রহণ করেন। উক্ত কর্মশালায় মোট ৬৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

- নির্বাচিত ১২০টি আইন ইংরেজি হতে বাংলায় এবং বাংলা হতে ইংরেজিতে অনুবাদের লক্ষ্যে ২টি প্যাকেজের পরামর্শক প্রতিষ্ঠান কাজ করছে। চুক্তির শর্ত মোতাবেক প্যাকেজ-১ (SD-6) এর পরামর্শক প্রতিষ্ঠান ৩২টি আইনের অনুবাদের খসড়া (মোট ২৭৪ পৃষ্ঠা) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান ২৯টি আইনের অনুবাদের খসড়া (মোট ২৬৯ পৃষ্ঠা) দাখিল করেছে, যা যথাযথভাবে যাচাই করার জন্য গঠিত কমিটি কাজ করছে। কমিটির মতামতের আলোকে এ সকল অনুবাদ চূড়ান্ত করা হবে।

- সক্ষমতা বৃদ্ধির অংশ হিসেবে এ বিভাগের কর্মকর্তাদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য ৩টি ল্যাপটপ প্রদান করা হয়েছে। এ বিভাগের পরিবহন পুলস্থ সভা কক্ষের জন্য ১টি এসিসহ মোট ৪টি এসি, ১টি মাল্টিমিডিয়া প্রজেক্টর, ১টি স্ক্যানার, কর্মকর্তাদের ব্যবহারের জন্য কিছু সংখ্যক আসবাবপত্র এবং ৫০টি পেনড্রাইভ সরবরাহ করা হয়েছে। এছাড়া, বাজেট বরাদ্দের আলোকে অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।

৬। প্রকল্প পরিচালক জানান যে, ডিপিপির লক্ষ্যমাত্রার তুলনায় বাজেট বরাদ্দ কম হওয়ার কারণে BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করাসহ গুরুত্বপূর্ণ কাজ সমূহ শুরু করা সম্ভব হচ্ছে না। এ সকল কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ২০২৪-২৫ অর্থবছরের বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় এ বিভাগের উন্নয়ন প্রকল্পের জন্য প্রাক্কলিত ২.৫০ কোটি টাকার অতিরিক্ত আরো ৩.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের সুপারিশ করা হয়েছে। এ প্রসঙ্গে অর্থ বিভাগের প্রতিনিধি বলেন যে, ত্রিপক্ষীয় সভায় বিবেচনার জন্য বিষয়টি আলোচনা করা যেতে পারে। প্রকল্পের অগ্রাধিকার কাজসমূহ জরুরী ভিত্তিতে শুরু করার জন্য প্রয়োজনীয় বরাদ্দের সংস্থান রাখার বিষয়ে পরিকল্পনা কমিশন, আইএমইডি'র প্রতিনিধিসহ কমিটির সদস্যবৃন্দ একমত পোষণ করেন।

৭। অত:পর প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতি এবং কর্মপরিকল্পনা অনুযায়ী করণীয় দিক সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অর্থ বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ, কার্যক্রম বিভাগের প্রতিনিধিসহ কমিটির সদস্যবৃন্দ উক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে গৃহীত প্রকল্পটির অগ্রগতি ত্বরান্বিত করার জন্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্টদেরকে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। পিআইসি এর সদস্যবৃন্দ কর্তৃক গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদানের জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান এবং প্রকল্পটি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

৮। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮.১ | অগ্রাধিকার কাজসমূহ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান | BD Laws ও Laws of Bangladesh website পুন:স্থাপন এবং Code of Delegated Legislation প্রণয়ন ও BD Rules Website Develop করার জন্য ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ প্রাপ্তির প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। অর্থ বিভাগে অনুষ্ঠিতব্য ত্রিপক্ষীয় সভায় বিষয়টি গুরুত্বের সাথে উপস্থাপন করতে হবে। |
| ৮.২ | নির্বাচিত আইনের অনুবাদ কার্যক্রম | প্যাকেজ-১ (SD-6) এবং প্যাকেজ-২ (SD-7) এর পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আইনের অনুবাদ কার্যক্রম এ বিষয়ে গঠিত কমিটির মাধ্যমে যথাযথভাবে যাচাইপূর্বক চূড়ান্ত করতে হবে। চুক্তির শর্ত অনুযায়ী দু'টি প্যাকেজের আইনের অনুবাদ কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। |
| ৮.৩ | কর্মকর্তা/কর্মচারীদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম | আইন প্রণয়ন এবং সংশ্লিষ্ট বিষয়ে সক্ষমতা বৃদ্ধির জন্য এ বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের পাশাপাশি অন্যান্য মন্ত্রাণালয়/বিভাগের কর্মকর্তাদের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম বাজেট প্রাপ্তি সাপেক্ষে অব্যাহত রাখতে হবে। |
| ৮.৪ | বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে সম্পৃক্তকরণ | প্রকল্পের আওতায় ঢাকায় এবং ঢাকার বাইরে অনুষ্ঠিতব্য বিভিন্ন ওয়ার্কশপ ও সেমিনারে প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রকল্প স্টিয়ারিং কমিটির সদস্যবৃন্দকে অংশ গ্রহণের জন্য পর্যায়ক্রমে আমন্ত্রণ জানাতে হবে। |

৯। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭.২.২০২৪

(ড. হাফিজ আহমেদ চৌধুরী)
সচিব (রুটিন দায়িত্ব)
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
ও
সভাপতি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
আইন প্রণয়নের সক্ষমতা বৃদ্ধি এবং আইন বিষয়ে
জনসচেতনতা সৃষ্টি প্রকল্প।

| Name (Orig User Email | Join Time | Leave Time | Duration (M | Guest |
|---|---|---|---|---|
| Dr Mohiud muddinlpad@gmail.com | 1/31/2024 9:39 | 1/31/2024 10:37 | 58 | No |
| Dr. Hafiz Ahmed Chowdhury, Secretary, | 1/31/2024 9:40 | 1/31/2024 9:41 | 2 | Yes |
| Showkat, Director, IMED Sector-3 | 1/31/2024 9:40 | 1/31/2024 9:41 | 2 | Yes |
| Showkat, Director, IMED Sector-3 | 1/31/2024 9:41 | 1/31/2024 10:02 | 21 | Yes |
| Dr. Hafiz Ahmed Chowdhury, Secretary, | 1/31/2024 9:41 | 1/31/2024 10:37 | 56 | Yes |
| Muhammad Abu Kawsar, DS | 1/31/2024 9:42 | 1/31/2024 10:37 | 55 | Yes |
| Showkat, DIrector, sector-3, IMED | 1/31/2024 9:44 | 1/31/2024 10:37 | 54 | Yes |
| Dr Mohiuddin, JS,M/O Law | 1/31/2024 9:45 | 1/31/2024 10:01 | 17 | Yes |
| PD-SLCAB | 1/31/2024 9:51 | 1/31/2024 10:37 | 47 | Yes |
| Joint Chief, GED, Mohammad Masud Ra | 1/31/2024 9:55 | 1/31/2024 10:37 | 43 | Yes |
| Dr Mohiuddin, JS,M/O Law | 1/31/2024 10:02 | 1/31/2024 10:37 | 36 | Yes |
| Anar Kali, Joint Chief, Programming Divis | 1/31/2024 10:02 | 1/31/2024 10:37 | 35 | Yes |
| Md. Safiul Alam, DS, B-22, FD | 1/31/2024 10:04 | 1/31/2024 10:37 | 34 | Yes |
| Rafiqul Alam, Joint chief, PID, planning C | 1/31/2024 10:05 | 1/31/2024 10:37 | 32 | Yes |
| Mazeda Yasmin JS Nec Ecnec | 1/31/2024 10:06 | 1/31/2024 10:37 | 31 | Yes |
| Mohammad Asaduzzaman Sarker, DS, G | 1/31/2024 10:07 | 1/31/2024 10:08 | 1 | Yes |
| Munirujjaman Mohammad | 1/31/2024 10:27 | 1/31/2024 10:37 | 11 | Yes |